

৬৩

দুটি সন্তানের বেশি নয়  
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

DD(SS) DD (MIS) PM/DD Oth's  
Date:.....

*[Handwritten signature]*

স্মারক নং- পপঅ/প্রশা-১/বিবিধ/৩৪৯/২০১৬/ ২৯৪২

তারিখ: ০৭ কার্তিক, ১৪২৪  
২২ অক্টোবর ২০১৭

### পরিপত্র

পরিবার পরিকল্পনা স্থায়ী পদ্ধতির অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, পুরুষদের জন্য স্থায়ী পদ্ধতি (এনএসভি) গ্রহীতার হার অন্যান্য পদ্ধতির তুলনায় সন্তোষজনক নয়। এ প্রেক্ষিতে গ্রহীতার হার বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার ও পরিবার পরিকল্পনা পরিদর্শক পদধারীগণকে প্রতিমাসে কমপক্ষে ০২ জন করে এনএসভি ক্লায়েন্ট রেফার করার জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১২/১০/২০১৭ খ্রিঃ তারিখের পপঅ/প্রশা-১/বিবিধ/৩৪৯/২০১৬/২৮৪৭ নম্বর পরিপত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়।

২। এক্ষণে, পরিবার পরিকল্পনা পরিদর্শক ও উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারদের জন্য নির্ধারিত স্থায়ী পদ্ধতির (এনএসভি) প্রজেকশন সংশ্লিষ্ট ইউনিয়নের প্রজেকশন হিসেবে বিবেচিত হবে। তবে উক্ত প্রজেকশন অর্জনে পরিবার পরিকল্পনা পরিদর্শক ও উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারগণ সক্রিয় ভূমিকা পালন করবেন।

*[Handwritten signature]*  
২২ অক্টোবর ১৭

(কাজী মোস্তফা সারোয়ার)  
মহাপরিচালক  
ফোন : ৯১১৮৯০৩।

বিতরণ (কার্যার্থে) :

- ১। পরিচালক/লাইন ডাইরেক্টর(সকল)..... এ অধিদপ্তর।
- ✓ ২। পরিচালক (এমআইএস), এ অধিদপ্তর (পরিপত্র খানা ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, পরিবার পরিকল্পনা, বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল) .....
- ৪। পরিচালক (এমএফএসটিসি), মোহাম্মদপুর, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
- ৬। অতিরিক্ত পরিচালক (ড্রাগস্ এন্ড স্টোরস্ ), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
- ৭। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল),.....।
- ৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা .....  
জেলা .....(পরিপত্রের নির্দেশনা অনুযায়ী উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার এবং পরিবার পরিকল্পনা পরিদর্শকগণকে অবহিতকরণ ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)